# জুলাই সনদে পরে স্বাক্ষরের সুযোগ, খসড়া পরিবর্তন সম্ভব নয়: আলী রীয়াজ



সংগৃহীত ছবি

জাতীয় ঐকমত্য কমিশনের সহসভাপতি অধ্যাপক আলী রীয়াজ জানিয়েছেন, জুলাই জাতীয় সনদে যদি কোনো দল শুক্রবার স্বাক্ষর না করে, তারা পরবর্তীতে স্বাক্ষর করতে পারবে। তবে সনদের খসড়া আর সংশোধনের সুযোগ নেই। কমিশন আশা করছে, সব দল একত্রে স্বাক্ষর অনুষ্ঠানে অংশ নেবে।

জাতীয় ঐকমত্য কমিশনের সহসভাপতি অধ্যাপক আলী রীয়াজ শুক্রবার (১৭ অক্টোবর) বলেন, "আগামীকাল সব দলের স্বাক্ষর নেওয়া ভালো হবে। তবে যদি কেউ পরে স্বাক্ষর করতে চায়, তারা অংশীদার হিসেবে তা করতে পারবে।"

জাতীয় সংসদ ভবনের দক্ষিণ প্লাজায় বিকেলে জুলাই সনদ স্বাক্ষর অনুষ্ঠানের আয়োজন করা হয়েছে। তিনি আরও জানান, পরে স্বাক্ষরের সুযোগ থাকলেও সনদের খসড়া আর পরিবর্তনযোগ্য নয়।

জাতীয় নাগরিক পার্টি (এনসিপি) আইনি ভিত্তি না থাকা ও আদেশের নিশ্চয়তার অভাবে সনদে স্বাক্ষর না করার ঘোষণা দিয়েছে। আলী রীয়াজ বলেন, "এনসিপি নেতারা জুলাই গণঅভ্যুত্থানে নেতৃত্ব দিয়েছেন এবং সনদ প্রক্রিয়ায় অবদান রেখেছেন। তাই তাদের অংশগ্রহণ গুরুত্বপূর্ণ।"

কমিশনও আইনি ভিত্তি প্রণয়নের প্রয়োজনীয়তা মনে করছে এবং দ্রুত সুপারিশ দেবে। যদিও কিছু বামপন্থী দলও স্বাক্ষর না করার ইঙ্গিত দিয়েছে, তবুও কমিশন আশা করছে, সব দল অনুষ্ঠানে অংশ নেবে এবং সনদে স্বাক্ষর করবে।

LENS ASIA